অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/24/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মৃত, অবসরপ্রাপ্ত এনভায়রনমেন্টাল কনজার্ভেশন পুলিশ অফিসার রোনাল্ড জে বোসেলাকে সম্মান জানাতে পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ দিয়েছেন

25 এপ্রিলে পতাকা অর্ধনমিত রাখা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে মৃত এনভায়রনমেন্টাল কনজার্ভেশন পুলিশ অফিসার Ronald J. Bosela-কে (রোনাল্ড জে বোসেলা) সম্মান জানাতে 25 এপ্রিল সূর্যাস্ত পর্যন্ত সকল স্টেট সরকারি ভবনে পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ দিয়েছেন।

"9/11-এর পর World Trade Center-এ উদ্ধার কার্যক্রমে সহায়তা করতে গিয়ে অফিসার Bosela (বোসেলা) আমাদের স্টেট এবং দেশের সেবায় অসাধারণ সাহস ও বীরত্বের পরিচয় দিয়েছেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমি তার সেবার জন্য গভীর কৃতজ্ঞতা ও সম্মান জানাচ্ছি এবং তার পরিবার, সহকর্মী, এবং যারা তাকে চিনতেন তাদের সকলের প্রতি আমার সমবেদনা জানাচ্ছি।"

27 ফেব্রুয়ারি, 2026 তারিখে অফিসার Bosela (বোসেলা) 11 সেপ্টেম্বর, 2001 তারিখের সন্ত্রাসী হামলার পর World Trade Center-এ তার দায়িত্ব পালনের কারণে হওয়া একটি অসুস্থতায় মারা যান। 9/11-এর ঘটনার হামলার পর, অফিসার Bosela-কে (বোসেলা) নর্থ টাওয়ারের (North Tower) গ্রাউন্ড জিরোতে (Ground Zero) দায়িত্ব দেওয়া হয়। তিনি ন্যাশনাল গার্ডের (National Guard) কার্যক্রম পর্যবেক্ষণ করেন এবং কমান্ড পোস্টকে গ্রাউন্ড জিরো থেকে হাডসন রিভারের (Hudson River) তীরের পিয়ারে সরিয়ে নিতে সাহায্য করেন, যা হামলার তাৎক্ষণিক পরবর্তী সময়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

তিনি 2008 সালের মে মাসে ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation) ডিভিশন অফ ল এনফোর্সমেন্ট (Division of Law Enforcement) থেকে থেকে 20 বছরের নিবেদিত সেবার পর অবসর গ্রহণ করেন।

অফিসার Bosela (বোসেলা) ইরি (Erie) কাউন্টির ক্ল্যারেন্স (Clarence) এলাকার মানুষ, এবং তিনি তার স্ত্রী Georgette (জর্জেট), ছেলে Brian (ব্রায়ান) এবং John (জন), নাতি-নাতনি Trevor (ট্রেভর) এবং Hannah (হ্যানা), ভাতিজি, ভাতিজা, এবং অন্যান্য প্রিয় পরিবারের সদস্য রেখে গেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন